

শেখবির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

শেখবির প্রতিনিধি

১৬ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ জুলাই ২০১৯ ০১:০৪

নানা আয়োজনের মধ্য দিয়ে রাজধানীর শেরেবাংলা কৃষি

বিশ্ববিদ্যালয়ের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল সকাল ১০টায় স্বাধীনতা চত্বরে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানটির উদ্বোধন করা হয়। পতাকা উত্তোলন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহম্মদ ও উপউপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী। পরে শান্তির প্রতীক পায়রা ও বেলুন উড়িয়ে এবং কেক কেটে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য বলেন, ১৯৩৮ সালে প্রতিষ্ঠিত এর নাম ছিল বেঙ্গল অ্যাগ্রিকালচারাল ইনস্টিটিউট। পরে ২০০১ সালের ১৫ জুলাই তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেঙ্গল অ্যাগ্রিকালচারাল ইনস্টিটিউটকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠার ১৮ বছরে শিক্ষক-শিক্ষার্থীরা দেশ-বিদেশে যে সম্মান অর্জন করেছেন, তাতে বিশ্ববিদ্যালয়ের গৌরব বৃদ্ধি পেয়েছে।

উদ্বোধন শেষে একটি শোভাযাত্রা ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনে এসে শেষ হয়।

শোভাযাত্রায় প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি উপস্থিত ছিলেন রেজিস্ট্রার শেখ রেজাউল করিম, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভাগীয় চেয়ারম্যান, সিডিকেট সদস্যসহ আরও অনেকে। বেলা ৩টায় অ্যাগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

advertisement

পরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিকাল সাড়ে ৪টায় আলোচনাসভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে আলোচনা করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহম্মদ। বিশেষ অতিথি ছিলেন উপউপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান।